গাংনীতে ইটভাটায় অভিযান চালিয়ে ২০ হাজার টাকা জরিমানা

গাংনী উপজেলার পশ্চিম মালশাদহ গ্রামে অভিযান চালিয়ে আকমল সুপার ব্রিকস নামের একটি ইটভাটাতে অভিযান চালিয়ে ভাটার ম্যানেজারকে ২০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালতের নির্বাহী অফিসার ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম।

আজ বৃহস্পতিবার (৯ জুন) দুপুরের দিকে পশ্চিম মালশাদহ গ্রামের আকমল সুপার ব্রিকস নামের ওই ইটভাটার ম্যানেজার জয়নাল আবেদীনকে এ জরিমানা করেন তিনি।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী অফিসার ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম বলেন, ইটভাটা প্রস্তুত ও ভাটা নিয়ন্ত্রণ আইন ২০১৩ এর ১৫ এর ১(ক) ধারায় অপরাধ প্রমানিত হওয়ায় তাকে এ জরিমানা করেন তিনি।

কৃষি জমি রক্ষার্থে ও বিভিন্ন সড়কে মাটি ফেলে যারা গণ উপদ্রব সৃষ্টি করবে তাদের বিরুদ্ধেই ভ্রাম্যমান আদালত পরিচালিত হবে। জনগণের ভোগান্তি লাঘবে উপজেলা প্রশাসনের এ অভিযান অব্যাহত থাকবেবলেও জানান তিনি।

ঝিনাইদহে ২২টি অনিবন্ধিত ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টারে সিলগালা

সোমবার বিকাল পর্যন্ত ঝিনাইদহ শহরের আরাপপুর, বাস টার্মিনাল, হামদহসহ বিভিন্ন উপজেলার মোট ২২টি অনিবন্ধিত ক্লিনিক, স্বাস্থ্যকেন্দ্র ও ডায়াগনোষ্টিক সেন্টার সিলগালা করে বন্ধ করেছে স্বাস্থ্য বিভাগ। এসব এলাকায় অভিযান পরিচালনা করেন সিভিল

সার্জনের প্রতিনিধি ডা. মিথিলা ইসলাম।

মিথিলা ইসলাম জানান, স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশ মোতাবেক জেলাজুড়ে অবৈধ প্রাইভেট হাসপাতালের তালিকা তৈরি করে অভিযান পরিচালনা করা হচ্ছে। যে সকল হাসপাতালের নিবন্ধন নেই সেসব হাসপাতালে তালা দিয়ে সিলগালা করা হয়েছে।

প্রথম দিনের অভিযানে ওমেগা প্রাইভেট হাসপাতাল, ছন্দা হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, ঢাকা ল্যাব এন্ড ডায়াগনস্টিক সেন্টার, নোভেল প্রাইভেট হাসাপাতালসহ আটটি প্রাইভেট হাসপাতাল ও ডায়াগনোস্টিক সেন্টার বন্ধ করা হয়। এছাড়া পর্যায়ক্রমে শৈলকুপার লালন শাহ প্রাইভেট হাসপাতাল, অর্পণ ডায়াগনষ্টিক, মা কেয়ার হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, সিটি ডায়াগনষ্টিক সেন্টারসহ ৫টি, কালীগঞ্জ উপজেলায় ৬টি এবং এবং মহেশপুরের ২টিসহ সর্বমোট ২২টি বেসরকারী হাসপাতাল তদন্ত করে নিবন্ধন না থাকায় তাদের প্রতিষ্ঠানে সিলগালা করে বন্ধ করে দেওয়া হয়েছে বলে তিনি জানান।

ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সুভ্রা দেবনাথ জানান জেলাজুড়ে অবৈধ বেসরকারি হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার বন্ধের এ অভিযান অব্যাহত থাকবে।
সিভিল সার্জন অফিসের দেওয়া তথ্যমতে, ঝিনাইদহ জেলায় ১৭৯টি বেসরকারি হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার রয়েছে, যার মধ্যে ২৭টি অনিবন্ধিত ও ৪৮টি প্রতিষ্ঠানের নিবন্ধন সনদ নবায়ন করা হয়নি।

এছাড়া জেলা শহরের বাইরে অধিকাংশ বেসরকারী হাসপাতালে প্রয়োজনীয় ডাক্তার, নার্স, এবং প্রশিক্ষিত আয়ার পরিবর্তে চলছে চুক্তিভিত্তিক ডাক্তার এবং প্রশিক্ষন বিহীন নার্স ও আয়া দিয়ে। এসব প্রতিষ্ঠানে প্রায়ই ঘটছে দূর্ঘটনা। বিভিন্ন মহলকে ম্যানেজ করে এসব অবৈধ ও মানহীন প্রতিষ্ঠান চলছে বছরের পর বছর। সরকারের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়ে সচেতন মহল বলেন প্রতিষ্ঠানে প্রয়োজনীয় ডাক্তার, অন্যান্য জনবলসহ সার্বিক অবকাঠামো মানসম্মত না হলে নতুন কোন প্রতিষ্ঠান কে নিবন্ধন দেওয়া ঠিক হবেনা।

মেহেরপুরে করোনা মোকাবেলায় অভিযান অব্যহত

মেহেরপুর সদরে করোনা ভাইরাস সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মেহেরপুরে সেনাবাহিনীর অভিযান অব্যাহত। অভিযানে ১৭ জনকে জরিমানা করে ভ্রাম্যমান আদালত।

গতকাল বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত মেহেরপুর জেলার বিভিন্ন স্থানে এ অভিযান চালানো হয়।

এ সময় সেনাবাহিনীর সদস্যরা রাস্তায় অযথা ঘোরাফেরা কারিদের অযথা বাইরে বের না হওয়ার জন্য আহ্বান জানান।

এ সময় সেনা বাহিনী জনসমাগম পরিহার করুন নিজে বাঁচুন আন্যকে বাচতে সহায়তা করুন।

গতকাল বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত করোনা ভাইরাস প্রদুরভাব রোধে মেহেরপুর সদর নির্বাহী ম্যাজিস্ট্রোট কাজী মো: অনিক ইসলামের নেতৃত্বে সেনাবাহিনী মাদ্যমে সড়কের রাস্তায় লক ডাউন না মানাই অনেক মোটরসাইকেল গাড়ির কাগজ পত্র ঠিক না থাকায় ও সাধারণ লোক সমাগম করার, বিনা কারনে রাস্তায় আসার অপরাধে ১৭ জনকে অনাদায়ে ১০০ টাকা করে অর্থ দন্ড করেছেন।

এ ছাড়া বিভিন্ন হাট বাজারে সাধারণ মানুষের জমায়েত না হওয়া মার্কেট বন্ধ রাখা সহ গ্রামে গ্রামে ঘুরে চায়ের দোকানে গুলোতে লোক সমাগম বিরত থেকে নিজ নিজ বাড়ী অবস্থান করার কথা জানানো হয়।লক ডাউন মেনে প্রশাসন কে সহোযোগিতা নিরাপদ দুরুত্ব নিশ্চিত করতে বলা হয়।